**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-07-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ব্যালট পেপার বন্টনের কাজ আজ থেকে শুরু হয়েছে ।**

**(২) কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রী জুয়াল ওরাম আজ গোমতী জেলার কিছু স্থান পরিদর্শন করেন ।**

**(৩) সরকার আজ বলেছে যে প্রধানমন্ত্রী SVANidhi-র অধীনে রাস্তার বিক্রেতাদের মোট ১১,৭১৩কোটি টাকা ঋণ দেয়া হয়েছে ।**

**(৪) শান্তিরবাজার মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত চ্যালেঞ্জার ট্রফি সিনিয়র লিগ ক্রিকেটে ফাইনালে উঠল জগন্নাথ পাড়া প্লে সেন্টার এবং ইয়ুথ সোসাইটি ।**

*********************************************

**Gram Panchayat Election :**

আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ব্যালট পেপার বন্টনের কাজ আজ থেকে শুরু হয়েছে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আকাশবাণীকে জানান আজ দুটি ব্লকে ব্যালট পেপার সরবরাহ করা হয়। আগামীকাল আরও চারটি ব্লকে ব্যালট পেপার

সরবরাহ করা হবে। ব্যালট পেপার ছাপানোর কাজ এখনো চলছে বলে তিনি জানান।

****************************

**Election Force :**

আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কেন্দ্রীয় নিরাপত্তা কর্মীরা রাজ্যে এসে পৌঁছেছেন। মোট ৩০ কোম্পানি কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীকে গতকাল এবং আজ আট জেলায় মোতায়েন করা হয়েছে বলে জানান এআইজি আইন-শৃঙ্খলা অনন্ত দাস।

***************************

**Jual Oram :**

কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রী জুয়াল ওরাম আজ গোমতী জেলা পরিদর্শনে গিয়ে প্রথমে ত্রিপুরা সুন্দরী মন্দিরে পূজা দেন। তিনি প্রসাদ প্রকল্পের অধীনে মাতা বাড়ি মন্দির প্রাঙ্গনের নির্মীয়মান এলাকা পরিদর্শন করেন। কাজের অগ্রগতি সম্পর্কে মন্ত্রী খোঁজ খবর নেন। তিনি আজ আঠারোভোলার গড়িয়া একাডেমি মডেল স্কুলও পরিদর্শন করেন। স্কুলে মহারাজার প্রতিকৃতিতে মাল্য দেন। কেন্দ্রীয় মন্ত্রীকে গড়িয়া মডেল স্কুলের তরফে সংবর্ধনা দেওয়া হয়। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, গাড়িয়া মডেল স্কুলের সার্বিক উন্নয়নে জন্য প্রয়োজনীয় সাহায্য করা হবে। কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, জমাতিয়া হদা অক্রা বিপ্র কুমার জমাতিয়া ও মণীন্দ্র মোহন জমাতিয়া, গোমতীর জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা সহ জন জাতি কল্যাণ দপ্তরের আধিকারিকগণ। উল্লেখ্য,

২০০১ সালের ৮ আগস্ট গড়িয়া একাডেমি স্কুলের ভিত্তি প্রস্তর করেছিলেন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী ওরাম।

******************************

**Courtsey Meet :**

কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রী জুয়াল ওরামের সঙ্গে রাজ্যের জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা ও সংখ্যালঘু উন্নয়নমন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ আগরতলার রাজ্য অতিথিশালায় এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে মন্ত্রী শ্রী বিকাশ দেব্বর্মা কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে রাজ্যের জনজাতিদের অগ্রগতির জন্য বিভিন্ন সুযোগ সুবিধা নিয়ে আলোচনা করেন। পাশাপাশি তাদের সমস্যাগুলি সম্পর্কেও তিনি কেন্দ্রীয় মন্ত্রীকে অবহিত করেন। মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া ও তাঁর সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন বিষয়ের পাশাপাশি রাজ্যের ব্রু-রিয়াং সম্প্রদায়ের অন্তর্ভুক্ত জনজাতিদের উন্নয়নের বিষয়ে আলোচনা করেন।

*******************************

**Training :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েতের নির্বাচনের ভোটকর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, রাজ্য নির্বাচন কমিশনের পর্যবেক্ষক সীতেন্দ্র বিশ্বাস, রিটার্নিং অফিসার তথা চন্ডীপুর ব্লকের B.D.O প্রসেনজিৎ মালাকার, সহকারী রিটার্নিং অফিসার ও সেক্টর অফিসাররা। অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোটপর্ব সম্পন্ন করতে ভোটকর্মীদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয় এবং তথ্যচিত্র

উপস্থাপন করা হয়। উল্লেখ্য, চন্ডীপুর ব্লকে রয়েছে 14টি গ্রাম পঞ্চায়েত। মোট পোলিং বুথ রয়েছে 59টি।

রিটার্নিং অফিসার শ্রী প্রসেনজিৎ মালাকার জানান, ইতিমধ্যেই ভোটকর্মীদের দল গঠন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

*****************************

**Standing Committee :**

ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আজ জোলাইবাড়ি ব্লকে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে গঠিত স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় রিটার্নিং অফিসার মানস ভট্টাচার্য ভোট শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজনৈতিক দলগুলির দায়- দায়িত্ব, নির্বাচনী আচরণ বিধি সম্পর্কে রাজনৈতিক দলের প্রতিনিধিদের অবহিত করেন।

*****************************

**NHM :**

মানসিক স্বাস্থ্য পরিসেবা প্রদানের উপর কমিউনিটি হেলথ অফিসারদের ৪ দিনের সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ আজ থেকে আগরতলার প্রজ্ঞাভবনে শুরু হয়েছে। উদ্যোক্তা জাতীয় স্বাস্থ্য মিশন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর। ব্যাঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ এন্ড নিউরো সায়েন্সের ৯ জনের বিশেষজ্ঞ চিকিৎসকের দল মানসিক স্বাস্থ্যের উপর প্রশিক্ষণ দিচ্ছেন। প্রশিক্ষণ কর্মসূচী চলবে আগামী দোসরা আগস্ট পর্যন্ত। রাজ্যের ২০০ জন কমিউনিটি হেলথ অফিসার এই প্রশিক্ষণ নিচ্ছেন।

******************************

**Safai Suraksha :**

আগরতলা পুরনিগম ও নগর উন্নয়ন দপ্তরের যৌথ উদ্যোগে আজ আগরতলা টাউন হলে সাফাই মিত্র সুরক্ষা শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন সাফাই কর্মীদের সুরক্ষা ও অধিকার রক্ষার বিষয়ে রাজ্য সরকার ও পুরনিগম আন্তরিক। আগরতলা শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে তারা যে গুরুদায়িত্ব পালন করে যাচ্ছেন তার জন্য তিনি সাফাই কর্মীদের ধন্যবাদ জানান। তিনি বলেন আগরতলার শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য কেন্দ্রীয় সরকারের স্বচ্ছতা অভিযানে নিগম বহু পুরস্কার পেয়েছে। অনুষ্ঠানে ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, কমিশনার ডক্টর শৈলেশ কুমার যাদব উপস্থিত ছিলেন। শিবিরে বিনামূল্যে সাফাই কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করে ওষুধপত্র প্রদান করা হয়।

****************************

**PM SVANidhi :**

সরকার আজ বলেছে যে প্রধানমন্ত্রী SVANidhi-র অধীনে Street vender রাস্তার যারা রাস্তায় ব্যবসা করে তাদের মোট ১১,৭১৩কোটি টাকা ঋণ দেয়া হয়েছে। আজ রাজ্যসভায় একটি লিখিত উত্তরে, আবাসন ও নগর বিষয়ক প্রতিমন্ত্রী টোখান সাহু একথা জানান।

মন্ত্রী বলেন, রাস্তার বিক্রেতারা তাদের ব্যবসা সম্প্রসারণ এবং কার্যকরী মূলধনের প্রয়োজনে ঋণটি ব্যবহার করেন।

******************************

**PM, VIKASIT BHARAT :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুনদিল্লিতে 'জার্নি টুওয়ার্ডস ভিক্সিত ভারত: এ পোস্ট ইউনিয়ন বাজেট 2024-25 শীর্ষক সম্মেলনে'র এর উদ্বোধনী অধিবেশনে ভাষণ দেবেন। কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (CII) সম্মেলনের আয়োজক। এর লক্ষ্য হল প্রবৃদ্ধির জন্য সরকারের বৃহত্তর দৃষ্টিভঙ্গি এবং এই প্রচেষ্টায় শিল্পের ভূমিকার রূপরেখা উপস্থাপন করা। শিল্প, সরকার, কূটনৈতিক গোষ্ঠী এবং চিন্তাবিদ সহ এক হাজারেরও বেশি অংশগ্রহণকারী এই সম্মেলনে উপস্থিত থাকবেন। এছাড়াও দেশ বিদেশের বিভিন্ন CII কেন্দ্র থেকেও অনেকে এই সম্মেলনে যুক্ত হবেন।।

***************************

**Loksabha :**

লোকসভার কংগ্রেস নেতা রাহুল গান্ধী জাতি ভিত্তিক আদম শুমারি এবং কৃষকদের নূন্যতম সহায়ক মূল্য প্রদানের আইনি গ্যারান্টি দাবি করেছেন। সম্প্রতি পেশ করা সাধারণ বাজেটের উপর আজ লোকসভায় আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন যে বাজেটে নূন্যতম সহায়ক মূল্যের জন্য আইনি গ্যারান্টি কৃষকদের সাহায্য করবে। তিনি অগ্নিবীর প্রকল্প নিয়েও প্রশ্ন তোলেন। তিনি অভিযোগ করেন যে দেশের জনসংখ্যার ৭৩ শতাংশ হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় বাজেটে তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং ওবিসিদের জন্য কিছুই নেই। তিনি প্রশ্নপত্র ফাঁসের বিষয় উল্লেখ করে বলেন যে এই ঘটনা তরুণদের প্রভাবিত করছে। শ্রী গান্ধী মধ্যবিত্তের উপর কর আরোপের বিষয়টিও উত্থাপন করেন।

শ্রী গান্ধীর বক্তব্যের সময় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু অধ্যক্ষের মর্যাদা ক্ষুণ্ন করার অভিযোগ তুলে তাঁর কিছু মন্তব্যে আপত্তি জানান। অগ্নিবীর প্রকল্পের বিষয়ে শ্রী গান্ধীর মন্তব্যের উল্লেখ করে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন, বিরোধী দলের নেতার দ্বারা এই প্রকল্প সম্পর্কে ভুল ধারণা তৈরি হয়েছে এবং তিনি সভায় অগ্নিবীর নিয়ে আলোচনা করতে প্রস্তুত বলে জানান।

এর আগে, আলোচনায় অংশ নিয়ে সমাজবাদী পার্টির ডিম্পল যাদব দাবি করেন যে শিক্ষা খাতে বাজেট বরাদ্দ ক্রমাগত হ্রাস করা হচ্ছে। তিনি বলেন, দেশে বেকারত্বের হার বাড়ছে এবং অগ্নিবীর প্রকল্প নিয়েও তিনি প্রশ্ন তোলেন।

বাজেটে স্বাস্থ্য ক্ষেত্রে অপর্যাপ্ত তহবিলের অভিযোগ করে শ্রীমতি যাদব বলেন, দেশে ডাক্তার, নার্স এবং প্রযুক্তিবিদদের বিশাল ঘাটতি রয়েছে।

বিজেপির সুরেশ কুমার কাশ্যপ কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করে বলেন যে এটি দেশকে নতুন দিকনির্দেশনা দেবে এবং দেশকে স্বনির্ভর করবে। তিনি আরও বলেন, ২৫কোটি মানুষকে দারিদ্র্য থেকে বের করে আনা হয়েছে এবং যুবা ও মহিলাদের জন্য বাজেটে বেশ কিছু পদক্ষেপ তুলে ধরা হয়েছে। শ্রী কাশ্যপ বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে তিন কোটি বাড়ি নির্মাণের ঘোষণা দরিদ্রদের জন্য একটি বড় উপহার। তিনি বলেন, দেশের তরুণদের আত্মনির্ভর করতে শিক্ষা, কর্মসংস্থান ও দক্ষতা উন্নয়নে বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছ।

***********************************

**Ishwarchandra :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে আজ যথাযোগ্য মর্যাদায় বাংলার নবজাগরণের অন্যতম পুরোধা ব্যক্তিত্ব ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১৩৩তম মৃত্যু দিবস পালিত হয়। কলেজে বিদ্যাসাগরের আবক্ষ মূর্তিতে কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস সহ অনান্য অধ্যাপক-অধ্যাপিকা ও ছাত্রছাত্রীরা পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিদ্যাসাগরের জীবনদর্শন নিয়ে আলোচনা করেন কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস, কলেজের শিক্ষক সংসদের যুগ্ম সম্পাদক অধ্যাপক দিলীপ সেন,অধ্যাপিকা ড. প্রস্মিতা সরকার, অধ্যাপক অভিজিৎ চৌধুরী, অধ্যাপিকা মৌঝুরী ভৌমিক প্রমুখ। আলোচনায় অধ্যক্ষ ডঃ দাস বলেন, উনবিংশ শতকের বিশিষ্ট বাঙালি শিক্ষাবিদ, সমাজ সংস্কারক ও গদ্যকার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলায় নারীশিক্ষার প্রসারে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ করে গেছেন।

*******************************

**Vidyasagar, AIDSO :**

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়াণ দিবস উপলক্ষে AIDSO-র উদ্যোগে আজ আগরতলার বটতলায় এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফুল মালা দিয়ে ঈশ্বরচন্দ্রের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান সংগঠনের রাজ্য সম্পাদক রামপ্রসাদ আচার্য সহ অন্যান্য নেতা কর্মীরা। শ্রী আচার্য তাঁর বক্তব্যে শিক্ষা ব্যবস্থার বেসরকারিকরণের বিরোধিতা করেন।

********************************

**Foreign Affairs Ministry :**

রাজ্য স্বরাষ্ট্র দপ্তরের উদ্যোগে বিদেশ মন্ত্রকের সহযোগিতায় আজ রাজ্যে প্রথমবার 'বিদেশ সম্পর্ক অনুষ্ঠান' শীর্ষক এক সচেতনতামূলক আলোচনার আয়োজন করা হয়। আগরতলায় রাজ্য অতিথিশালায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনার সূচনা করে বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব অঙ্কন ব্যানার্জি বলেন, দেশের প্রত্যেকটি রাজ্যের প্রশাসনের সঙ্গে বিদেশ মন্ত্রককে একই মঞ্চে নিয়ে আসার উদ্দেশ্যে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। বিদেশে বসবাসরত, কর্মরত এবং শিক্ষার জন্য বিদেশে যাওয়া ভারতীয়দের প্রয়োজনীয় সুবিধা প্রদান, কনস্যুলার পরিষেবা ও অনুপ্রবেশ রুখতে রাজ্য সরকারকে সহায়তা করতে এই সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তিনি বলেন, বর্তমানে বিদেশে প্রায় ৩ কোটি ৫০ লক্ষ ভারতীয় রয়েছেন। বিদেশ মন্ত্রক প্রবাসী ভারতীয়, বিদেশে কর্মরত ও শিক্ষার সুযোগ নিতে যাওয়া ভারতীয় শিক্ষার্থীদের কিভাবে সাহায্য সহযোগিতা করে থাকে, তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে রিজিওন্যাল পাসপোর্ট অফিসার আশিষ মিদ্দা বলেন, আরপিও কলকাতার আওতায় পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, সিকিম, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ রয়েছে।

আগরতলায় পাসপোর্ট সেবা কেন্দ্র এবং ধর্মনগরে পোস্ট অফিস পাসপোর্ট সেবাকেন্দ্র রয়েছে। প্রতিদিন আগরতলায় ২৭০ জন এবং ধর্মনগরে ৪০ জন পাসপোর্টের জন্য আবেদনকারীর সাক্ষাৎ নেওয়া হয়।

যুগ্ম সচিব শ্রী ব্যানার্জি পরে সাংবাদিকদের জানান, কেন্দ্রীয় সরকার সম্পূর্ণরূপে অবৈধ অনুপ্রবেশ রুখতে সচেষ্ট। এক্ষেত্রে

রাজ্য ও কেন্দ্র সরকারকে এক জোট হয়ে কাজ করতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে রাজ্য স্বরাষ্ট্র দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী রাজ্যে রোহিঙ্গা অনুপ্রবেশ, বিদেশে মৃত রাজ্যবাসীর দেহ আনা সহ আরও কিছু সমস্যা নিয়ে বিদেশমন্ত্রকের প্রতিনিধিদের অবগত করেন। এছাড়াও রাজ্যের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন ডিজিপি (ইন্টিলিজেন্স) অনুরাগ। অনুষ্ঠানে বিদেশ মন্ত্রকের অবর সচিব রুসাল গর্গ বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ এবং অসুবিধা, শ্রমিক কল্যাণ নিয়ে অধিকর্তা (ইপি এন্ড ডাব্লু) নিতেশ কুমার, সুরক্ষিত এবং বৈধ অভিবাসন নিয়ে প্রোটেক্টর অব ইমিগ্রেন্টস তনয়া দে আলোচনা করেন। অনুষ্ঠানে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সচিব, অধিকর্তাগণ উপস্থিত ছিলেন।

*****************************

**Manu Bhakar :**

২০২৪ সালের ২৮শে জুলাই দিনটি প্যারিসে মনু ভাকরের সাফল্যের দিবস হিসাবে চিরকালের জন্য স্মরণীয় হয়ে থাকবে। এই প্রতিভাময়ী শ্যুটার তার কিশোর বয়স থেকেই অলিম্পিক পদক জয়ের প্রতিশ্রুতি পূরণ করেছেন এবং গতকাল ফ্রান্সের রাজধানীতে ৩৩তম অলিম্পিয়াডে, অত্যাশ্চর্য কৃতিত্বের সঙ্গে তিনি দেশকে একটি ব্রোঞ্জ পদক এনে দিয়ে, পদক তালিকায় ভারতের নাম তুলেছেন।

অলিম্পিক গেমসে শ্যুটিংয়ে পদক জয়ী ভারতের প্রথম মহিলা তিনি।

আজ অলিম্পিকে হকিতে ভারত ১-১ গোলে আর্জেন্টিনার সঙ্গে ড্র করেছে। ব্যাডমিন্টনে ভারতের লক্ষ্য সেন ২১-১৯, ২১-১৪ সেটে বেলজিয়ামের জুলিয়েন কেরাগ্নীকে পরাজিত করেছে।

*******************************

**Sports cricket :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত চ্যালেঞ্জার ট্রফি সিনিয়র লিগ ক্রিকেটে ফাইনালে উঠল জগন্নাথ পাড়া প্লে সেন্টার এবং ইয়ুথ সোসাইটি। আগামী ৩১ জুলাই বাইখোরা স্কুল মাঠে মুহুরিপুর জনকল্যাণ সমিতির বিরুদ্ধে ফাইনাল ম্যাচটি হবে। আজ সকালে প্রথমে ব্যাট করে ইয়ারং ওয়েলফেয়ার সোসাইটি ৮৩ রান করাতে সক্ষম হয়। জবাবে খেলতে নেমে জগন্নাথ পাড়া প্লে সেন্টার এবং ইয়ুথ সোসাইটি ১৭ ওভারে ৭ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

**************************

**National girl's football :**

কর্ণাটকের বালিগাও-এ অনুষ্ঠিত জাতীয় জুনিয়র বালিকাদের ফুটবলে রাজস্থানের কাছে ৮-০ গোলে পরাজিত হয়েছে ত্রিপুরা দল। ম্যাচের প্রথমার্ধেই রাজস্থান ছয় গোলে এগিয়ে গিয়েছিল। ৩১ জুলাই নিজেদের তৃতীয় ম্যাচে ত্রিপুরা খেলবে মহারাষ্ট্র-র বিরুদ্ধে।

********************************